

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন  
সমাজকল্যাণ মন্ত্রণালয়


এ/২, সেকশন -১৪, মিরপুর, ঢাকা-১২০৬

ফ্যাক্স: ৮০৩৫০৫৩, ই-মেইল: [jpuf38@yahoo.com](mailto:jpuf38@yahoo.com)

প্রতিবন্ধী/এনডিডি শিশুর জন্য বিশেষায়িত বিদ্যালয় পরিচালনা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভিন্ন ধরনের প্রতিবন্ধী এবং অটিজমসহ অন্যান্য শারীরিক/শিক্ষণীয় সমস্যাযুক্ত (নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅবিলিটিস) শিশুকে শিক্ষার মূলধারায় আনয়নের লক্ষ্যে সরকার জেলা/উপজেলা পর্যায়ে ৬২টি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় পরিচালনা করছে। অটিজমসহ অন্যান্য শারীরিক/শিক্ষণীয় সমস্যা যেমন ডাউন সিন্ড্রোম, বুদ্ধি প্রতিবন্ধিতা ও সেরিব্রাল পালসি সমস্যাযুক্ত শিশুর জন্য বিশেষায়িত বিদ্যালয়সহ অন্যান্য প্রতিবন্ধী শিশুর জন্য বিশেষায়িত বিদ্যালয় স্থাপনের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয় বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ এর স্বীকৃতি গ্রহণ আবশ্যিক। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে এরূপ শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠাপূর্বক পরিচালনা করছে, যা অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত। এমতাবস্থায়, নির্ধারিত কর্তৃপক্ষ তথা সরকারের পূর্বানুমতি গ্রহণ ব্যতিরেকে বিধিবহির্ভূতভাবে এরূপ শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা ও পরিচালনা কার্যক্রম থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী হবে না।



  
(শেখ হামিদ হাসান)  
(উপসচিব)

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)